

ফাতওয়া নাম্বার: ১৭৩

প্রকাশকালঃ ৩০-০৫-২০২১ ইং

লভ্যাংশ সদকা করে দেয়ার নিয়তে ব্যাংকে টাকা রাখার হুকুম কী?

প্রশ্নঃ

নিরাপত্তার কথা চিন্তা করে ব্যাংকে টাকা রাখার ইচ্ছে করছি। তবে ব্যাংক যে সুদ দেবে তা পুরোটা সদকা করে দেব। এ নিয়তে ব্যাংকে টাকা রাখা কি জায়েয হবে?

প্রশ্নকারী- সালমান

উত্তর:

ব্যাংক যেহেতু সুদি প্রতিষ্ঠান, এজন্য একান্ত বাধ্য না হলে তাতে টাকা জমা রাখা শরিয়তে জায়েয নয়। কারণ, এতে সুদি প্রতিষ্ঠানের সহযোগিতা হয়। তাছাড়া সুদি চুক্তিতে আবদ্ধ হওয়াও স্বতন্ত্র একটি নাজায়েয কাজ। তবে যদি ব্যাংকে রাখা ছাড়া আপনার সম্পদ নিরাপদ না হয়, তাহলে কারেন্ট একাউন্টে রাখতে পারেন। তাও সম্ভব না হলে, আপনার একাউন্টে জমা হওয়া অতিরিক্ত অর্থ; হারাম থেকে দায়মুক্তির উদ্দেশ্যে সাদাকা করার নিয়তে ব্যাংকে টাকা রাখতে পারেন। তবে তা সুদি ব্যাংকে না রেখে কোনো ইসলামি ব্যাংকে রাখা কাম্য, যদিও ইসলামি ব্যাংকগুলোর যথাযথ শরীয়া অনুসরণের বিষয়টি প্রশ্নবিদ্ধ।

এ বিষয়ে নিচের ৭৪ নং ফতোয়াটি দেখতে পারেন: [[প্রভিডেন্ট ফান্ডে জমাকৃত অর্থের যাকাত কীভাবে দেবো?](#)]

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

১০-১০-১৪৪২ হি.

২৩-০৫-২০২১ ইং

